# Resource Integration Centre (RIC)
# রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭


সূত্র নং : রিক/কেন্দ্রীয়/নিরীক্ষা/২০২৬/৯২৭

তারিখ: ২৫/১০/২০২৬ ইং

## অফিস স্মারক

সংস্থার ঋণ কার্যক্রম ও প্রকল্প কার্যক্রমের অধিক গতিশীলতা, স্বচ্ছতা এবং জবাবদিহীতা নিশ্চিত করনের লক্ষ্যে; ঋণ কার্যক্রম বিভাগ, প্রকল্প বিভাগ ও নিরীক্ষা বিভাগের কর্মকর্তাদের নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য বলা হলো ;

০১. ক) প্রতি মাসের শেষ কর্মদিবসের পুর্ব দিন পর্যন্ত শাখা/ প্রকল্প নিরীক্ষা কার্যক্রম চলমান থাকবে। নিরীক্ষাকালীন শাখার কর্মকর্তাদের কাজে যাতে বিঘ্ন না ঘটে সে লক্ষ্যে অফিস কক্ষের নির্দিষ্ট স্থানে/ কর্নার রুম ব্যবহার করতে হবে। এছাড়া মাঠ পর্যায়ে গমনের প্রয়োজন হলে শাখার কর্মকর্তাদের পরিকল্পনার সাথে সঙ্গতি রেখে মাঠে গমন পরিকল্পনা করতে হবে।

খ) মাসের শেষ কর্ম দিবস গুলোতে নিরীক্ষকগন সদস্যদের পাসবই ব্যালেন্সিং, বকেয়াকারী (পলাতক/স্থান ত্যাগ) সদস্য, নন টার্গেট সদস্য ও রাইটঅফ সদস্যদের নথিপত্র পর্যালোচনা করবেন এবং প্রয়োজনে সরজমিনে বাড়ী গিয়ে বিষয়টি নিশ্চিত করবেন।

০২. বার্ষিক নিরীক্ষা পরিকল্পনায় সংস্থার চলমান প্রকল্প সমূহ অন্তর্ভূক্ত করতে হবে এবং ঋণ কার্যক্রম নিরীক্ষার পাশাপাশি প্রকল্প সমূহ নিয়মিত নিরীক্ষার আওতায় আনতে হবে।

০৩. প্রতি ষান্মাসিক/অর্থবছর (জুন এবং ডিসেম্বর) ক্লোজিং পরবর্তী (৬ মাস পর পর) প্রধান কার্যালয় নিরীক্ষার আওতায় আনতে হবে এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে। প্রধান কার্যালয় এর নিরীক্ষার জন্য পৃথক চেকলিষ্ট তৈরী করতে হবে।

০৪. সম্প্রতি নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত ত্রুটি-বিচ্যুতি সমূহ শাখা পর্যায় হতে যথাযথ ভাবে সংশোধন না করা এবং নির্দিষ্ট সময়ে নিরীক্ষা প্রতিবেদনের উত্তর প্রদানে অনীহা লক্ষ্য করা যাচ্ছে। বর্নিত প্রেক্ষিতে নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত ত্রুটি-বিচ্যুতি সমূহ সর্বোচ্চ গুরুত্বের সহিত সংশোধন পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে উত্তর/ ব্যাখ্যা প্রয়োজনীয় প্রমানক সহ এরিয়া / জোনাল ম্যানেজার এর স্বাক্ষর পূর্বক নিরীক্ষা বিভাগে প্রেরণে করবেন।

০৫. এরিয়া/ জোনাল ম্যানেজার শাখা পরিদর্শনের সময় নিরীক্ষা প্রতিবেদনের উত্তরের সঠিকতা এবং সংশোধনের বিষয়টি যাচাই বাছাই করবেন।

উপরোক্ত নির্দেশনা আগামী ০১.১১.২০২৬ ইং তারিখ থেকে প্রতিপালন করত হবে।

ধন্যবাদন্তে,

আফরোজা লায়লা
পরিচালক ও প্রধান ঋণ কর্মকর্তা, রিক।

সদয় অবগতি : নির্বাহী পরিচালক মহোদয়, রিক।

**অনুলিপি :**

১. উপ-পরিচালক ও সহ: পরিচালক (সকল)।
২. বিভাগীয় ও সেল প্রধান (সকল)।
৩. অফিস কপি।


House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org